



සමස්ත සේවා

සමස්ත සේවා සමස්ත සේවා (සමස්ත)

Job Category: Driving/Motor Technician

Job Source: සමස්ත සේවා

Job Summary

Posted On: 16 Oct 2024

Application Deadline: 14 Nov 2024



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
মানব সম্পদ ব্যবস্থাপনা ও সাচিবিক ইউনিট
www.bcc.gov.bd

স্মারক নং-৫৬.০১.০০০০.০০৫.১১.৬১১.২২-১৩৯৯

তারিখ : ২৯ আশ্বিন, ১৪৩১ ব.
১৪ অক্টোবর ২০২৪ খি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর রাজস্ব খাতে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১.	অ্যাসোসিয়েট (আইন উপদেষ্টা)	০১টি	২২০০০-৫৩০৬০/-	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) বাংলাদেশ বার কাউন্সিল হইতে সনদপ্রাপ্ত; এবং (গ) কম্পিউটার চালনায় দক্ষতা।
২.	লিয়াজেঁ অফিসার (আইটিইই)	০১টি	২২০০০-৫৩০৬০/-	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং (খ) কম্পিউটার চালনায় দক্ষতা।
৩.	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর	০১টি	১১০০০-২৬৫৯০/-	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ এবং সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৮০ এবং বাংলায় ৫০ শব্দ।
৪.	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর	০১টি	১০২০০-২৪৬৮০/-	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ এবং সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ।
৫.	ক্যাশিয়ার	০১টি	১০২০০-২৪৬৮০/-	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার চালনায় দক্ষতা।
৬.	গাড়ি চালক	০১টি	৯৩০০-২২৪৯০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) হালকা বা ভারী গাড়ি চালনার বৈধ ডাইভিং লাইসেন্সসহ হালকা বা ভারী গাড়ি চালনার অভিজ্ঞতা।
৭.	অফিস সহায়ক	০৪টি	৮২৫০-২০০১০/-	কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:

- সকল প্রার্থীকে অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> সাইটের মাধ্যমে আগামী ১৪ নভেম্বর ২০২৪ তারিখ রাত ১১:৫৯ মিঃ এর মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোনো আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। অনলাইন ব্যতীত অন্য কোনো মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না;
- ০১ অক্টোবর ২০২৪ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর।
- পরীক্ষার ফি বাবদ সার্ভিস চার্জসহ ক্রমিক ০১ ও ০২নং পদের প্রার্থীদের ৬১২/- (ছয়শত বার) টাকা, ক্রমিক ০৩ থেকে ০৬নং পদের প্রার্থীদের ২১২/- (দুইশত বার) টাকা এবং ক্রমিক ০৭নং পদের প্রার্থীদের ১১২/- (একশত বার) টাকা DBBL Mobile Banking/bKash/Nagad-এর মাধ্যমে অনলাইনে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) পরিশোধ করতে হবে;
- আবেদনকারীকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র এবং স্থায়ী তিকানার স্বপক্ষে উপযুক্ত সনদসহ অন্যান্য সকল সনদ (প্রয়োজ্য ক্ষেত্রে) আপলোড করতে হবে;
- নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান/নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ আপলোড করতে হবে;
- পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য যথাসময়ে ই-মেইল/মোবাইল নম্বরে এসএমএস/ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে;
- নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- কোনো কারণ উল্লেখ ছাড়াই এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- মৌখিক পরীক্ষার সময় (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি (খ) পাসপোর্ট সাইজের ০৬কপি সত্যায়িত ছবি (গ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (ঘ) নাগরিকত্ব সনদ (ঙ) প্রয়োজ্য ক্ষেত্রে কোটার স্বপক্ষে সনদ দাখিল করতে হবে;
- সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। মৌখিক পরীক্ষা গ্রহণকালে উক্ত কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করতে হবে;
- আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ দেয়া হবে না;
- অনলাইন আবেদন করতে কোনো সমস্যা হলে অফিস সময়ের মধ্যে জনাব তানিমুল বাবী, টেকনিক্যাল স্পেশালিস্ট (মোবাইল: ০১৮৩৩৩০৩৭০৩)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

মোঃ জাকির হোসেন বাবু
সচিব (উপসচিব)